# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**রেজিস্ট্রারের কার্যালয় (একাডেমিক ও স্কলারশিপ শাখা)**

## ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (ইঞ্জিনিয়ারিং), স্নাতক (সম্মান) ও বিবিএ প্রোগ্রামে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ০৪(চার) বছর মেয়াদী স্নাতক (ইঞ্জিনিয়ারিং), স্নাতক (সম্মান), বিবিএ প্রোগ্রাম এবং ০৫(পাঁচ) বছর মেয়াদী ব্যাচেলর অব আর্কিটেকচার ও বি.ফার্ম. (প্রফেশনাল) কোর্সে মোট ২১(একুশ)টি বিভাগে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত পদ্ধতিতে (অনলাইনে) আবেদন আহ্বান করা যাচ্ছে।

**০১। ভর্তি পরীক্ষা পদ্ধতি:**

(ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তি পরীক্ষার পরীক্ষা পদ্ধতি হবে MCQ।

(খ) শুধুমাত্র স্থাপত্য বিভাগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অতিরিক্ত ৩০ নম্বরের ড্রইং পরীক্ষা দিতে হবে।

**০২। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদনের যোগ্যতা:**

(ক) শুধুমাত্র ২০১৫ ও ২০১৬ সালের এসএসসি/ সমমান এবং ২০১৭ ও ২০১৮ সালের এইচএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আবেদন করতে পারবে।

(খ) আবেদনের ন্যূনতম জিপিএ:

| ইউনিট | আবেদনের ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) ও বিষয়ভিত্তিক ন্যূনতম জিপি |
|---|---|
| ইউনিট A | এসএসসি+এইচএসসি ৮.০, এসএসসিতে কমপক্ষে ৩.৫, এইচএসসিতে কমপক্ষে ৩.৫<br>এইচএসসিতে পদার্থবিজ্ঞান ৩.৫, রসায়ন ৩.৫, গণিত/জীববিজ্ঞান ৩.৫ |
| ইউনিট B | মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা: এসএসসি+এইচএসসি ৭.০, এসএসসিতে কমপক্ষে ৩.০ এবং এইচএসসিতে কমপক্ষে ৩.০,<br>বিজ্ঞান শাখা: এসএসসি+এইচএসসি ৭.৫, এসএসসিতে কমপক্ষে ৩.৫ এবং এইচএসসিতে কমপক্ষে ৩.৫ |

**০৩। বিভিন্ন বিভাগে ভর্তির ক্ষেত্রে শর্ত:**

| | বিভাগ | বিষয়ভিত্তিক ন্যূনতম জিপি (এইচএসসি) |
|---|---|---|
| (১) | গণিত | গণিত ৩.৫ |
| (২) | রসায়ন | রসায়ন ৩.৫ ও গণিত ৩.৫ |
| (৩) | পদার্থবিজ্ঞান | পদার্থবিজ্ঞান ৩.৫ ও গণিত ৩.৫ |
| (৪) | পরিসংখ্যান | গণিত অথবা পরিসংখ্যান ৩.৫ |
| (৫) | ফার্মেসি | রসায়ন ৩.৫ ও জীববিজ্ঞান ৩.৫ |

| | |
|---|---|
| (৬) | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির ক্ষেত্রে পদার্থ, রসায়ন ও গণিত প্রশ্নের উত্তর দিতে হবে। |
| (৭) | বিজ্ঞান এবং জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির ক্ষেত্রে পদার্থ, রসায়ন, গণিত/জীববিজ্ঞান প্রশ্নের উত্তর দিতে হবে। |
| (৮) | ফার্মেসি বিভাগে ভর্তির ক্ষেত্রে অবশ্যই জীববিজ্ঞান প্রশ্নের উত্তর দিতে হবে। |

**০৪। ভর্তির জন্য ইউনিট ভিত্তিক নির্ধারিত অনুষদ, বিভাগ ও আসন সংখ্যা:**

| ইউনিট | অনুষদ | বিভাগ | আসন সংখ্যা | অনুষদ | বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ইউনিট A | ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি | (১) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৪০ | বিজ্ঞান | (১) গণিত | ৫০ |
| | | (২) ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৪০ | | (২) পদার্থবিজ্ঞান | ৪০ |
| | | (৩) ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ৪০ | | (৩) ফার্মেসি | ৪০ |
| | | (৪) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ৪০ | | (৪) রসায়ন | ৪০ |
| | | (৫) সিভিল ইঞ্জিনিয়ারিং | ৪০ | | (৫) পরিসংখ্যান | ৪০ |
| | | (৬) নগর ও অঞ্চল পরিকল্পনা | ৪০ | | | |
| | | (৭) স্থাপত্য | ৩০ | জীব ও ভূ-বিজ্ঞান | (১) ভূগোল ও পরিবেশ | ৫০ |
| ইউনিট B | মানবিক ও সামাজিক বিজ্ঞান | (১) অর্থনীতি | ৫০ | বিজনেস স্টাডিজ | (১) ব্যবসায় প্রশাসন | ৫০ |
| | | (২) বাংলা | ৫০ | | (২) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ৪০ |
| | | (৩) সমাজকর্ম | ৫০ | | | |
| | | (৪) ইংরেজি | ৫০ | | | |
| | | (৫) লোকপ্রশাসন | ৫০ | | | |
| | | (৬) ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ | ৫০ | | সর্বমোট আসন= | ৯২০ |

**০৫। ভর্তি পরীক্ষার নম্বর বন্টন:**

| ইউনিট | নম্বর বন্টন | মোট নম্বর |
|---|---|---|
| ইউনিট A | পদার্থবিজ্ঞান ৩০; রসায়ন ৩০; এবং গণিত/জীববিজ্ঞান ৩০ | ৯০ |
| | স্থাপত্য বিভাগে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অতিরিক্ত ড্রইং ৩০ | ৯০+৩০=১২০ |
| ইউনিট B | বিজ্ঞান ও মানবিক শাখা: বাংলা ৩০; ইংরেজি ৩০; সাধারণজ্ঞান ৩০<br>ব্যবসায় শিক্ষা শাখা: বাংলা ৩০; ইংরেজি ৩০; একাউন্টিং, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৩০ | ৯০ |

**০৬। ভর্তির ক্ষেত্রে B ইউনিটের বিভাগসমূহে নিম্নোক্ত আসন বন্টন অনুসারে ভর্তি করা হবে:**

| বিভাগ | আসন বন্টন | | | মোট |
|---|---|---|---|---|
| | মানবিক | বিজ্ঞান | ব্যবসায় শিক্ষা | আসন |
| (১) অর্থনীতি | ১৫ | ২৫ | ১০ | ৫০ |
| (২) বাংলা | ২০ | ২০ | ১০ | ৫০ |
| (৩) সমাজকর্ম | ২৫ | ১৫ | ১০ | ৫০ |
| (৪) ইংরেজি | ২০ | ২০ | ১০ | ৫০ |
| (৫) লোকপ্রশাসন | ২৫ | ১৫ | ১০ | ৫০ |
| (৬) ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ | ২০ | ২০ | ১০ | ৫০ |
| (৭) ব্যবসায় প্রশাসন | ৫ | ১০ | ৩৫ | ৫০ |
| (৮) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ৫ | ১০ | ২৫ | ৪০ |

**০৭। ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা পদ্ধতি:**

(ক) বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| ইউনিট | সময় | তারিখ |
|---|---|---|
| ইউনিট A | MCQ পরীক্ষা: সকাল ১০.০০ ঘটিকা থেকে ১১.০০ ঘটিকা পর্যন্ত<br>ড্রইং পরীক্ষা: সকাল ১১.০০ ঘটিকা থেকে ১১.৪৫ ঘটিকা পর্যন্ত | **১৬ নভেম্বর, ২০১৮**<br>শুক্রবার |
| ইউনিট B | MCQ পরীক্ষা: বিকাল ৩.৩০ ঘটিকা থেকে ৪.৩০ ঘটিকা পর্যন্ত | |

(খ) MCQ পরীক্ষার ৯০ নম্বরের মধ্যে পাস নম্বর ৩৬।

(গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার জিপিএ এর সাথে যথাক্রমে ০.৮ ও ১.২ দ্বারা গুণ করে প্রাপ্ত স্কোর যোগ করে পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে পুনরায় যোগ করে মেধাতালিকা তৈরি করা হবে।

(ঘ) প্রশ্নপত্র বাংলা ও ইংরেজি (প্রযোজ্য ক্ষেত্রে) ভার্সনে হবে। যে সকল প্রার্থী ইংরেজি ভার্সনে পরীক্ষা দিতে ইচ্ছুক, তাদের আবেদনের সময় নির্ধারিত অপশন সিলেক্ট করতে হবে।

(ঙ) ভর্তি পরীক্ষায় প্রতিটি MCQ প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।

(চ) ভর্তি পরীক্ষার ফলাফল www.pust.ac.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**০৮। আবেদনের সময় ও ফরমের মূল্য:**

(ক) অনলাইনে আবেদনের সময়সীমা ১৫ সেপ্টেম্বর, ২০১৮ থেকে ১৫ অক্টোবর, ২০১৮ পর্যন্ত।

(খ) প্রতিটি ইউনিটের ফরমের মূল্য ৭০০ + ৩৫ (সার্ভিস চার্জ)= ৭৩৫ (সাতশত পঁয়ত্রিশ টাকা) ।

**০৯। আবেদনের নিয়মাবলী:**

(ক) অনলাইনে admission1819.pust.ac.bd এর মাধ্যমে সংশ্লিষ্ট তথ্য প্রদানপূর্বক আবেদন করুন এবং প্রাপ্ত Application ID সংরক্ষণ করুন ।

(খ) ফি জমাদানের পদ্ধতি:

| রকেট (ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং) | | শিওরক্যাশ (রুপালী ব্যাংক) | |
|---|---|---|---|
| ধাপ ১ | রকেট একাউন্ট থেকে *৩২২# ডায়াল করুন | ধাপ ১ | টেলিটক গ্রাহকদের জন্য *৩৭৫# এবং অন্যান্য অপারেটরের গ্রাহকদের জন্য *৪৯৫# ডায়াল করতে হবে। |
| ধাপ ২ | মেনু থেকে ১ সিলেক্ট করে পেমেন্ট অপশন অনুসরণ করুন । আবার ১ সিলেক্ট করে বিল পেমেন্ট অপশনে যান। | ধাপ ২ | পেমেন্ট এর জন্য 3 টাইপ করুন, এজেন্টের একাউন্টের ক্ষেত্রে 4 টাইপ করুন। |
| ধাপ ৩ | নিজের একাউন্ট থেকে হলে ১ সিলেক্ট করুন অথবা অন্যের একাউন্ট থেকে হলে ২ সিলেক্ট করুন। | ধাপ ৩ | Payee Account or Keyword এর জন্য PUST টাইপ করুন। |
| ধাপ ৪ | Student এর মোবাইল নম্বর প্রদান করুন। | ধাপ ৪ | ৯(ক) থেকে প্রাপ্ত আপনার নির্ধারিত Application ID প্রদান করুন। |
| ধাপ ৫ | পাবিপ্রবির বিলার আইডি 253 টাইপ করুন। | ধাপ ৫ | এরপর আবেদনকারীর নাম, Application ID ও আবেদন ফি দেখানো হবে। |
| ধাপ ৬ | ৯(ক) থেকে প্রাপ্ত আপনার নির্ধারিত Application ID টাইপ করুন | ধাপ ৬ | Student এর মোবাইল নম্বর প্রদান করুন (শুধুমাত্র এজেন্ট থেকে পেমেন্ট করার ক্ষেত্রে)। |
| ধাপ ৭ | নির্ধারিত ফির পরিমান (৭৩৫) টাইপ করুন । | ধাপ ৭ | Wallet-এর পিন নম্বর প্রদান করুন। |
| ধাপ ৮ | আপনার রকেট একাউন্টের পিন প্রদান করুন । | ধাপ ৮ | সঠিকভাবে পিন নম্বর প্রদান করা হলে আবেদন ফি কেটে নিয়ে successful message দেখানো হবে। |
| ধাপ ৯ | সঠিকভাবে পিন নম্বর প্রদান করা হলে আবেদন ফি কেটে নিয়ে successful message দেখানো হবে। | | |

(গ) কোটার আবেদনকারীর ক্ষেত্রে অনলাইনে আবেদনের সময় কোটা অপশন সিলেক্ট করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ: (১) মুক্তিযোদ্ধা কোটা (মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান), (২) শারীরিক প্রতিবন্ধী কোটা এবং (৩) ক্ষুদ্র নৃগোষ্ঠি/ উপজাতী /আদিবাসী কোটা (৪) পোষ্য কোটা।

(ঘ) ইংরেজি ভার্সন প্রশ্নপত্রের জন্য আবেদনের সময় English Version Question অপশন সিলেক্ট করতে হবে।

(ঙ) GCE O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় অন্তত: ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে। উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে বি গ্রেড এবং ৩টি বিষয়ে কমপক্ষে সি গ্রেড থাকতে হবে। উক্ত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় আবেদন করতে চাইলে তাদেরকে সরাসরি বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেল অফিসে (৫ম তলা, প্রশাসনিক ভবন) নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে।

(চ) অসম্পূর্ণ অথবা ভুল তথ্য থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ছ) প্রবেশপত্র ডাউনলোডের তারিখ www.pust.ac.bd ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।

**১০। ভর্তি পরীক্ষার আসনবিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীর করণীয়:**

(ক) ভর্তি পরীক্ষার আসনবিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের (www.pust.ac.bd) মাধ্যমে জানানো হবে।

(খ) ভর্তি পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে অবশ্যই ওয়েবসাইট admission1819.pust.ac.bd থেকে Application ID এর মাধ্যমে সংগ্রহকৃত প্রবেশপত্রের (A4 80gm কাগজে প্রিন্টকৃত রঙিন) দুইকপি নির্ধারিত জায়গায় স্বাক্ষর করে সঙ্গে আনতে হবে।

(গ) ভর্তি পরীক্ষার সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/ইনভিজিলেটর পরীক্ষার হলে পরীক্ষার্থী কর্তৃক আনিত দুইটি প্রবেশপত্রের একটি সংগ্রহ করবে।

(ঘ) পরীক্ষার হলে প্রার্থীর সঙ্গে ক্যালকুলেটর,মোবাইল ফোন, হেডফোন, ব্লুটুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ যেকোন প্রকার ডিভাইস রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো প্রার্থীর কাছে এরূপ কোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে, সে ব্যবহার করুক বা না করুক তাকে বহিষ্কার করা হবে।

(ঙ) পরীক্ষার্থীকে পরীক্ষা শুরু হওয়ার ২০(বিশ) মিনিট পূর্বে সিট প্ল্যান অনুযায়ী নির্ধারিত আসন গ্রহণ করতে হবে। নির্ধারিত আসন ব্যতিত পরীক্ষায় অংশগ্রহণ করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

**১১। আবেদন এবং ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী:**

(ক) ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলী www.pust.ac.bd এবং admission1819.pust.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(খ) আবেদন সংক্রান্ত যে কোন সমস্যা admission1819.pust.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে জানানো যাবে।

**(বিজন কুমার ব্রহ্ম)**
অতিরিক্ত রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়